# Times Today BD

মো. নাঈম | বরিশাল | 20 May, 2025

ঝালকাঠির রাজাপুর উপজেলার কৃষ্ণকাঠি গ্রামে পৈতৃক জমি নিয়ে বিরোধের জেরে মো. সমির মল্লিক (৪০) নামের এক ব্যক্তি নিহত হয়েছেন।মঙ্গলবার (২০ মে) দুপুর ১টার দিকে নিজ বাড়িতে এ ঘটনা ঘটে।নিহত সমির মল্লিক ওই এলাকার মৃত আলতাফ হোসেন মল্লিকের ছেলে।

স্থানীয় সূত্র ও নিহতের পরিবারের সদস্যদের দাবি, দীর্ঘদিন ধরে জমিজমা সংক্রান্ত বিরোধ চলছিল সমির মল্লিক ও তার চাচাতো ভাই বাবুল মল্লিকের মধ্যে।মঙ্গলবার দুপুরে এই বিরোধ নিয়ে দুই পক্ষের মধ্যে তর্ক-বিতর্ক শুরু হয়।একপর্যায়ে উভয়পক্ষের মধ্যে ধাক্কাধাক্কির ঘটনা ঘটে।এসময় সমির মল্লিক মাটিতে পড়ে গেলে গুরুতর আহত হন।পরে তাকে ঝালকাঠি সদর হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক তাকে মৃত ঘোষণা করেন।

নিহতের পরিবারের অভিযোগ, সংঘর্ষের সময় বাবুল মল্লিক শাবল দিয়ে সমির মল্লিকের মাথায় আঘাত করেন, যার ফলে তার মৃত্যু হয়।তবে এ বিষয়ে ভিন্ন তথ্য দিয়েছেন ঝালকাঠি সদর থানার তদন্ত কর্মকর্তা মো. মেহেদী হাসান।তিনি জানান, “নিহতের শরীরে কোনো দৃশ্যমান আঘাতের চিহ্ন পাওয়া যায়নি।মৃত্যুর প্রকৃত কারণ জানতে ময়নাতদন্তের জন্য মরদেহ পাঠানো হয়েছে।অভিযোগের ভিত্তিতে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।”

এ ঘটনায় এলাকায় উত্তেজনা বিরাজ করছে।পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে পুলিশ মোতায়েন করা হয়েছে।

জমি বিরোধ নিহত

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 03:27

URL: https://www.timestodaybd.com/public/barishal/2760775807